

## বেড়েছে এভারেস্টে আরোহণের ফি

- A Monitor Desk Report

Date: 02 February, 2025



**কাঠমান্ডু:** এভারেস্ট পর্বতারোহীদের পারমিট ফি বৃদ্ধির ঘোষণা দিয়েছে নেপাল। এতে গত এক দশকের মধ্যে সর্বোচ্চ মূল্য পরিশোধ করে এভারেস্টে চড়তে হবে আরোহীদের।

সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন, সেপ্টেম্বর থেকে যেসকল পর্বতারোহী সর্বোচ্চ পর্বতশৃঙ্গে আরোহণ করছেন তাদের ফি গুনতে হচ্ছে ১৫ হাজার ডলার। যেখানে আগে ব্যয় হতো ১১ হাজার ডলার। অর্থাৎ এ বছর প্রায় ৩৬ শতাংশ আরোহণ ফি বাড়াচ্ছে নেপাল সরকার।

এতে বলা হয়, এপ্রিল-থেকে মে মাস হচ্ছে এভারেস্টে চড়ার মূল মৌসুম। এ মৌসুমের বাইরেও যারা এভারেস্টে আরোহী হবে তাদেরও ফি বাড়বে। অর্থাৎ সেপ্টেম্বর থেকে নভেম্বর মাসে খরচ পড়বে ৭ হাজার ৫০০ ডলার। আর ডিসেম্বর থেকে ফেব্রুয়ারি মাসে পড়বে ৩ হাজার ৭৫০ ডলার। এক্ষেত্রেও আগের তুলনায় প্রায় একই হারে ফি বৃদ্ধি করা হচ্ছে।

দেশটির রাজস্ব আয়ের প্রধান উৎসের একটি এই পারমিট ফি। প্রতিবছর নেপাল পর্বত আরোহণ খাত থেকে প্রায় ৪ শতাংশ রাজস্ব পায়। তবে এ বিষয়ে বিশেষজ্ঞদের সমালোচনা হচ্ছে অধিক রাজস্ব পেতে নেপাল সরকার প্রতি বছর অতিরিক্ত পর্বতারোহীকে অনুমতি দিচ্ছে। যদিও এ পর্যন্ত প্রতি বছর ৩০০ জন পর্বতারোহীকে অনুমতিপত্র দেয়া হয়। তবে এ সংখ্যা নিয়েও সন্তুষ্ট নন বিশেষজ্ঞরা। তারা ওই সংখ্যা আরও কমিয়ে আনার পরামর্শ দিচ্ছেন।

গত বছর থেকেই পারমিট ফি বাড়ানোর বিষয়ে আলোচনা করছে কাঠমান্ডু। এখন দেখার বিষয় মূল্য বৃদ্ধির ফলে পর্বতারোহীর সংখ্যা কমে কিনা। যদিও এ বিষয়ে নিশ্চিত নন সংশ্লিষ্টরা।

